

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৯১/২০১৬

অভিযোগকারী : মোঃ মতিউর রহমান
পিতা-মোঃ নূরুল ইসলাম
১ নং কলমা, পোঃ ডেইরী ফার্ম
থানাঃ সাভার, জেলাঃ ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ শাহ আলম
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৯-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ২১-০১-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ক) ২০১৫-১৬ অর্থচক্রে মহিষ উন্নয়ন প্রকল্পে বরাদ্দ প্রাপ্ত টাকার পরিমাণ কত?

খ) মহিষ উন্নয়ন প্রকল্পের অধিনস্থ রাস্তা নির্মাণ কাজের বরাদ্দ? রাস্তা নির্মাণ কাজ পাওয়ার জন্য যে সকল ঠিকাদারি প্রতিষ্ঠান অংশ নিয়েছেন সে সকল প্রতিষ্ঠানের নাম ও স্থান। কোন কোন প্রতিষ্ঠান কত টাকার দরপত্র আহ্বান করেন তার তালিকা। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের নাম ও সর্বনিম্ন কত টাকা দর দিয়ে কার্যাদেশ পায়? কার্যাদেশের মাল মশলা ব্যবহারে নির্দেশনা দেওয়া হয়েছে? এবং রাস্তাটির খিগনেচ উল্লেখসহ বিস্তারিত বিবরণ।

গ) কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের অভিজ্ঞতার নমুনা ও প্রতিষ্ঠানটির দলিলাদীসহ ডকুমেন্টের অবিকল ফটোকপি। এবং টেন্ডার, বাছাই ও মূল্যায়ন কমিটির পদবীসহ নামের তালিকা। বাছাই ও মূল্যায়ন কমিটির সিদ্ধান্তপত্রের অবিকল ফটোকপি।

ঘ) রাস্তা নির্মাণ কাজে যে সকল ঠিকাদারি প্রতিষ্ঠান অংশ নিয়েছেন তাদের দাখিলকৃত সকল ডকুমেন্টের অবিকল ফটোকপি।

ঙ) যদি ২ বা ৩% টাতার প্রদিশ্রুতি দিয়ে ঠিকাদার কাজ পায় তাহলে প্রকৌশলীর হিসাব মোতাবেক কাজের মান কত% নিম্ন মানের হতে পারে? লিখিত চাই।

চ) রাস্তা নির্মাণ কাজের 'সরদার কনকট্রাশন' নামক প্রতিষ্ঠান টেন্ডারে অনিয়ম ও ১৪ লক্ষ টাকার কেলেঙ্কারির/আত্মসাতের অভিযোগের দাবিতে গত ০১-১২-২০১৫ তারিখ লিখিত অভিযোগ করেন। অভিযোগের প্রেক্ষিতে মন্ত্রণালয়, প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটকে অভিযোগের বিষয়টির উপর যাচাই বাছাই করে লিখিত প্রতিবেদন দাখিল করার নির্দেশ দেন। প্রতিবেদন ও অভিযোগের অবিকল ফটোকপি পেতে চাই।

ছ) বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটে তথ্য অধিকার আইন অনুযায়ী গত ০১-১২-২০১৫ তারিখে এই আবেদনটি দেখতে চেয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) দুটি কপিই কৌশলে নিয়ন্ত্রণে নিয়ে রিসিভ কপি দেই দিচ্ছি বলে, না দেওয়ার যুক্তি যুক্ত কারণ লিখিত চাই।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৬-০২-২০১৬ তারিখে মহাপরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৭-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।।

৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৯-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

- ৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর প্রার্থিত তথ্য যথাসময়ে সরবরাহ না করে বরং কালক্ষেপণ করছেন।
- ৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্যাদি অভিযোগকারীকে সরবরাহ করা হয়েছে মর্মে তিনি কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ দিনের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাঙ্গ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ শাহ আলম, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার